

কেস স্টাডি

(১) আমাদের দলের পাণ্ডা ছিলেন রবিকাকা। আমরা সব একদিন জুতোর দোকান খুলে বসলুম। বাড়ির বুড়ো সরকার খুঁতখুঁত করতে লাগল। বললে- 'বাবুরা, ওটা বাদ দিয়ে স্বদেশি করুন না-জুতোর দোকান খোলা, এসব কেন আবার।' মস্ত সাইনবোর্ড টাঙানো হল দোকানের সামনে- 'স্বদেশি ভাণ্ডার'। ঠিক হল স্বদেশি জিনিস ছাড়া আর কিছু থাকবে না দোকানে। শুধু কী দোকান- জায়গায় জায়গায় পল্লি সমিতি গঠন হচ্ছে। প্লেগ এল, সেবা সমিতি হল, তাতে সিস্টার নিবেদিতা এসে যোগ দিলেন। চারদিক থেকে 'সেলফ স্যাক্রিফাইসের' ও একটা আত্মীয়তার ভাব এসেছিল সবার মনে।

প্রশ্নমালা: (Questions):

ক) 'রবিকাকা' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে।

খ) 'সেলফ স্যাক্রিফাইসের' অর্থ কী ?

গ) প্লেগ রোগ কী কারণে হয় ?

ঘ) পল্লিসমিতি গঠন করা হয়েছিল কেন?

ঙ) সিস্টার নিবেদিতার গুরুদেবের নাম কি ছিল ?